

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৫১

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস স্পষ্টভাবে প্রমাণ করে যে, যেই সম্পদ জমা করলে, জমাকারীর জন্য পরকালে আল্লাহর পক্ষথেকে শান্তি অবধারিত, সেটা সেই সম্পদের ক্ষেত্রে প্রযোজ্য, যে সম্পদের যাকাত আদায় করা না, যদিও সেই সম্পদ প্রকাশ্য থাকে; আর যেই সম্পদের যাকাত আদায় করা হয়, কান্যের (ধনভাগ্ডার) অন্তর্ভুক্ত নয়, যদিও সেটা গুপ্তধন হয় ذَكْرُ الْخَبَرِ الْمُصَرِّحِ بِأَنَّ الْكَنْزَ الَّذِي يَسْتَوْجِبُ صَاحِبُهُ الْمُكْتَنِزُ الْعُقُوبَةَ مِنَ اللَّهِ جَلَّ وَعَلَا فَي أُخْرَاهُ هُوَ الْمَالُ الَّذِي لَمْ يُؤَدِّ زَكَاتَهُ وَإِنْ كَانَ ظَاهِرًا دُونَ مَا أَدَّى زَكَاتَهُ وَإِنْ كَانَ مَدْفُونَا

## আরবী

3251 \_ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحمد بن أبي بكر عن مالك عن عَمِّهِ أَبِي سُهَيْلِ بْنِ مَالِك عَنْ أَبِيهِ: عَنْ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أَهْلُ نَجْد ثَائِرَ الرَّأْسِ يُسْمَعُ دَوِيُّ صَوْتِهِ وَلَا يُفقه مَا للنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَسَلَّمَ مِنْ أَهْلُ نَجْد ثَائِرَ الرَّأْسِ يُسْمَعُ دَوِيُّ صَوْتِهِ وَلَا يُفقه مَا يَقُولُ حَتَّى دَنَا فَإِذَا هُو يَسْأَلُ عَنِ الْإِسْلَامِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا إِلَّا أَنْ تَطَوَّعُ) قَالَ: هَلْ عَلَيَّ غَيْرُهَا قَالَ: هَلْ عَلَيْ عَيْرُهُا قَالَ: هَلْ عَلَيَ عَيْرُهُ؟ قَالَ: هَلْ عَلَيْ مَالِولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الزَّكَاةَ فَقَالَ: هَلْ عَلَيْ عَيْرُهُ؟ قَالَ: هَلْ عَلَيْ عَيْرُهُا وَهُو يَقُولُ: وَاللَّهِ لَا أَنْ تَطَوَّعُ) قَالَ: هَلْ عَلَيْ عَيْرُهُا وَهُو يَقُولُ: وَاللَّهِ لَا أَزِيدُ عَلَى هَذَا وَلَا غَيْرُهُ؟ قَالَ: هَلْ عَلَيْهُ وَسَلَّمَ الزَّكَاةَ فَقَالَ: هَلْ عَلَيْ عَيْرُهُ؟ قَالَ: هَلْ عَلَيْ عَيْرُهُ وَلَا إِلَّا أَنْ تَطَوَّعُ) قَالَ: فَأَلْ: هَلْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الزَّكَاةَ فَقَالَ: هَلْ عَلَيْ عَيْرُهُ؟ قَالَ: هَلْ عَلَيْهِ وَسَلَّمَ الزَّكَاةَ فَقَالَ: هَلْ عَلَيْ عَلَيْهِ وَسَلَّمَ الزَّكَاةِ لَا أَرْبِدُ عَلَى هَذَا وَلَا عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّكَاةِ وَاللَّهُ لَا أَزِيدُ عَلَى هَذَا وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّعَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّوعِ : طَلْحَة بْنِ عُبَيْدِ اللَّهِ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الله على المحدث : صحيح. ابن حبان الصدة تَلْ والرقم: 10 الرقم: 1325 الخلاصة حكم المحدث : صحيح.

বাংলা

৩২৫১. সুহাইল বিন মালিক থেকে বর্ণিত, তিনি বলেন, তিনি তালহা বিন উবাইদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে



শুনেছেন, তিনি বলেছেন, "নজদের অধিবাসী এলোমেলো চুলধারী এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের কাছে আসেন, তার কথার উচ্চ আওয়াজ শুনা যাচ্ছিল কিন্তু সে যা বলছিল তা বুঝা যাচ্ছিল না। এক পর্যায়ে তিনি রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের কাছে আসেন এবং রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামকে ইসলাম সম্পর্কে জিজ্ঞেস করেন। তখন রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেন, "দিনে রাতে পাঁচ ওয়াক্ত সালাত আদায় করা।" সে ব্যক্তি বলেন, "আমার উপর এছাড়া আর কোন সালাত আবশ্যক আছে কি?" জবাবে তিনি বলেন, "না, তবে যদি তুমি নফল সালাত আদায় করো, সেটা ভিন্ন কথা।" রাবী বলেন, রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আরোও বলেন, "এবং রমযান মাসের সিয়াম পালন করা।" সে ব্যক্তি বলেন, "আমার উপর এছাড়া আর কোন সিয়াম আবশ্যক আছে কি?" জবাবে তিনি বলেন, "না, তবে যদি তুমি নফল সিয়াম পালন করো, সেটা ভিন্ন কথা।" রাবী বলেন, "এছাড়াও রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাকে যাকাতের কথা বলেন। সে ব্যক্তি বলেন, "আমার উপর এছাড়া আর কোন আবশ্যক বিধান আছে কি?" জবাবে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেন, "না, তবে যদি তুমি নফল ইবাদত পালন করো, সেটা ভিন্ন কথা।" রাবী বলেন, "অতঃপর সে ব্যক্তি এই বলতে বলতে চলে যান, "আল্লাহর কসম, আমি এর চেয়ে বেশি করবো না, এর কোন কিছু কমও করবো না।" তখন রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেন, "যদি সে সত্য বলে থাকে, তবে সে সফল হবে।"[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৭৫; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৪৬; মুসনাদ আহমাদ: ১/১৬২; সহীহ মুসলিম: ১১; আবূ দাউদ: ৩৯১; নাসাঈ: ১/২২৬-২২৮; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৪৪; সুনান বাইহাকী: ১/৩৬১; সহীহ আল বুখারী: ১৮৯১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুর হিসান: ১৭২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সুহাইল ইবনু মালিক (রহ,)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন